Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০৬ আষাঢ় ১৪৩২ | 20 June 2025

## দেশ রুপান্তর

শুক্রবার, ২০ জুন ২০২৫, ৬ আষাঢ় ১৪৩২

### কিউএস র‍্যাঙ্কিংয়ে এবারও দেশসেরা ঢাবি, বিশ্বে ৫৮৪

ঢাবি প্রতিনিধি

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) ২০২৬ সালের জন্য বিশ্বসেরা দেড় হাজার বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। এতে স্থান পেয়েছে দেশের ১৫টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়। এর মধ্যে সবার ওপরে অবস্থান করছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

র‍্যাঙ্কিংয়ে ঢাবির অবস্থান ৫৮৪তম। ৬০০তম এর মধ্যে থাকা বিশ্ববিদ্যালয়গুলোর অর্জিত বিভিন্ন সূচক প্রকাশ করেছে কিউএস। সেই হিসেবে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শুধু ঢাবির পূর্ণাঙ্গ সূচক উঠে এসেছে কিউএসের র‍্যাঙ্কিং প্রতিবেদনে। এতে দেখা গেছে, ৯টি সূচকের মধ্যে তিনটিতে ঢাবির কোনো অর্জন নেই। বাকি ছয়টির অনেকগুলোতে ভালো অর্জন রয়েছে দেশের সর্বোচ্চ এ বিশ্ববিদ্যালয়টির। এ কারণে তালিকায় পিছিয়ে পড়েছে ঢাবি। অন্যদিকে কিউএস এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১১২তম। তালিকায় দেশের সেরা ঢাবি ২০২৫ সালে ৫৫৪তম অবস্থানে ছিল। এবার কিছুটা পিছিয়ে র‍্যাঙ্কিংয়ে ঢাবির অবস্থান ৫৮৪তম। বিশ্বের ১ হাজার ৫০১টি বিশ্ববিদ্যালয়ের ওপর এই র‍্যাঙ্কিং তৈরি করা হয়েছে।

তালিকায় থাকা বাকি পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো হলো– সপ্তম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, অষ্টম রাজশাহী বিশ্ববিদ্যালয়, দশম চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ১৩তম খুলনা বিশ্ববিদ্যালয়, ১৪তম খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ১৫তম রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

র‍্যাঙ্কিংয়ে জায়গা পাওয়া দেশের বাকি ১৪টি বিশ্ববিদ্যালয়ের কোনোটিরই সামগ্রিক স্কোর উল্লেখ করেনি কিউএস। তাদের অবস্থান যথাক্রমে নর্থ সাউথ ৯৫১-১০০০তম, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ৭৬১-৭৭০তম, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ১০০১-১২০০ তম।

## জনকণ্ঠ

### বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এবারো দেশসেরা ঢাকা বিশ্ববিদ্যালয়

জনকণ্ঠ ডেস্ক ॥ কিউএস র‍্যাঙ্কিংয়ে এবারো বাংলাদেশের শীর্ষ বিশ্ববিদ্যালয় হিসেবে অবস্থান করে নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যুক্তরাজ্যভিত্তিক বিশ্বখ্যাত শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) প্রকাশিত ২০২৬ সালের 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৬ : টপ গ্লোবাল ইউনিভার্সিটিজ' শীর্ষক তালিকায় দ্বিতীয়বারের মতো বিশ্বের সেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান করে নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এবারের বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৫৮৪তম। বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে এবারো ঢাকা বিশ্ববিদ্যালয় শীর্ষ স্থান অধিকার করেছে।

গতবছরের র‍্যাঙ্কিংয়েও ঢাকা বিশ্ববিদ্যালয় দেশ সেরা হয়েছিল। বিশ্বের ১ হাজার ৫০১টি বিশ্ববিদ্যালয়ে নিয়ে এই র‍্যাঙ্কিং তৈরি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর সামগ্রিক মান মূল্যায়নের জন্য কিউএস বর্তমানে মোট নয়টি সূচক ব্যবহার করে, যার প্রতিটিতে সর্বোচ্চ স্কোর ১০০। সূচকগুলোর গড় স্কোরের ভিত্তিতে চূড়ান্ত অবস্থান নির্ধারিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক স্কোর ২৮ দশমিক ৭০। গবেষণা ও আবিষ্কার সূচকে একাডেমিক খ্যাতিতে স্কোর ৩০ দশমিক ৫০ এবং শিক্ষকপ্রতি গবেষণা-উদ্ধৃতিতে স্কোর ৬ দশমিক ৯০ পেয়েছে বিশ্ববিদ্যালয়টি।

এছাড়া, শিক্ষণ অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থী অনুপাতে স্কোর ১০ দশমিক ৫০, কর্মসংস্থান ক্ষেত্রে ফলাফলের স্কোর ৯৭ এবং চাকরির বাজারে সুনামের জন্য স্কোর ৫১ দশমিক ৩০ অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়।

# The Financial Express

## AL regime deliberately destroyed education system: Moyeen Khan

BNP senior leader Dr Abdul Moyeen Khan has alleged that the country's education system has been deliberately destroyed by the past autocratic government of Sheikh Hasina to continue her misrule and suppress people, reports UNB.

"They (AL govt) feared that if people become educated, they would raise their voice against injustice. Over the last 17 years, they have destroyed the entire education system of the country," he told a seminar.

Dhaka University teachers of the white panel, a pro-BNP teachers' association, organised the event tiled 'President Ziaur Rahman's Educational Philosophy and programmes at the Nawab Nawab Ali Chowdhury Senate Building on the campus on Thursday, marking the 44th martyrdom anniversary of BNP founder and former President Ziaur Rahman.

Dr Moyeen, a BNP standing committee member, said although many rural schools were nationalised, teachers and students are no longer attending classes.

"It is not their fault. The government itself wanted to keep the nation in darkness," he said.



Praising former Prime Minister Khaleda Zia's role in education, he said, "Begum Zia introduced stipends for students, which benefited the nation greatly."

Referring to the criticism that BNP was founded in the cantonment, Moyeen Khan said, Ziaur Rahman, a soldier, did more for education than any other civilian leaders.

"The fact is, Ziaur Rahman took many initiatives to ensure quality education for the people. On the other hand, those who (AL) claim to be a party of the people tried to keep the nation uneducated in a planned way. Why?" he said.

The BNP leader said Zia's various initiatives proved his deep love for education, mentioning his sea voyage with meritorious students under the Hizbul Bahar programme as a symbol of his educational vision.

Realizing that one can be at the top of the world only through education, initiation, and advancement in knowledge and science, the BNP leader said Ziaur Rahman emphasised the development of the educationsystem.

He also said the educational philosophy and programmes of Ziaur Rahman could be the subject of a PhD research.

Speaking in the Iran-Israel issue, Moyeen Khan said America is not powerful because of weapons, but because of knowledge. "If a list of the top 100 universities in the world is made, around 70 to 80 of them are American."

BNP Senior Joint Secretary General Ruhul Kabir Rizvi, who attended the seminar as special guest, said, "Ziaur Rahman introduced a people-oriented education system to make the nation self-reliant.

"His policies were visionary, unlike Sheikh Hasina's fascist approach."

# প্রতিদিনের সংবাদ



## জিয়ার শিক্ষাদর্শন নিয়ে পিএইচডি হতে পারে

— মঈন খান

■ নিজস্ব প্রতিবেদক

## জিয়ার শিক্ষাদর্শন নিয়ে পিএইচডি

■ ১২ পৃষ্ঠার পর